## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩০

তারিখ: ০২ কার্তিক , ১৪২৯ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম আজ ১৮ অক্টোবর ২০২২ ইং তারিখে International Organization of Securities Commissions (IOSCO) Board এর সম্মানিত সদস্য হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। মরক্কোর মারাকেশে অনুষ্ঠিত International Organization of Securities Commissions (IOSCO) এর ৪৭ তম বার্ষিক সভায় অংশগ্রহণ এর মাধ্যমে তিনি এ দায়িত্ব গ্রহণ করেন।

গত ২৪ জুলাই ২০২২ তারিখে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম International Organization of Securities Commissions (IOSCO) এর Asia Pacific Regional Committee (APRC) এর ভাইস চেয়ার পদে নির্বাচিত হয়েছেন। গত ১৭ অক্টোবর ২০২২ ইং তারিখে পূর্বের কমিটি থেকে ২০২২-২৪ সাল সময়কালের জন্য তিনি এ দায়িত্ব গ্রহণ করেন। উক্ত দায়িত্ব গ্রহণের মাধ্যমে তিনি International Organization of Securities Commissions (IOSCO) Board এর সদস্য হওয়ার গৌরব অর্জন করেন। সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাদের নিয়ে গঠিত আন্তর্জাতিক এই প্রতিষ্ঠানে এমন অর্জন বাংলাদেশের জন্য এই প্রথম। আন্তর্জাতিক পর্যায়ে গুরুত্বপূর্ণ এই পদে বাংলাদেশের অবস্থান নিশ্চিত হওয়ায় দেশ এবং দেশের পুঁজিবাজার আন্তর্জাতিক অঙ্গনে আরো পরিচিত হবে এবং বিদেশী বিনিয়োগকারীদের আগ্রহ ও আস্থা বৃদ্ধি পাবে। আন্তর্জাতিক পুঁজিবাজার এর নীতিনির্ধারণে বাংলাদেশের অংশগ্রহণ বৃদ্ধি পাবে, সংশ্লিষ্ট আইন কানুনের সাথে সমন্বয় করে দেশের পুঁজিবাজার উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, বৈদেশিক বিনিয়োগ এবং সহযোগিতা বৃদ্ধি সহ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নতিতে এই অর্জন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সমূহ নিয়ে গঠিত প্রতিষ্ঠান International Organization of Securities Commissions (IOSCO) ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদস্য সংখ্যা ২৩৩ টি। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২০১৩ সালে IOSCO MMoU স্বাক্ষরের মাধ্যমে IOSCO এর সর্বোচ্চ মান Appendix ‘A’ তে উন্নীত হয়েছে।

18-10-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


GREECE
(HCMC)


OICU-IOSCO
IOSCO
MARRAKECH 2022